গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
গবেষণা ও প্রকাশনা শাখা

# শুদ্ধাচার সম্পর্কিত ২য় ত্রৈমাসিক আলোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ বদরুল আরেফীন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৮ ডিসেম্বর, ২০২১ (মঙ্গলবার) |
| সভার সময় | দুপুর ২.০০ ঘটিকা |
| স্থান | প্রীতিলতা ওয়াদ্দেদার মিলনায়তন, এনএপিডি |
| উপস্থিতি | (০১) জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), (০২) জনাব সায়মা আফরোজ, (যুগ্মসচিব ও প্রধান প্রশিক্ষক-১), (০৩) ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), (০৪) প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাঃ ও অর্থ), (০৫) জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), (০৬) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-৩, (০৭) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অতিঃ দায়িত্ব), (০৮) বেগম মৌফুল নাহার, প্রশিক্ষক-২, (০৯) জনাব তৌহিদুর রহমান চৌধুরী, উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা) (১০) জনাব মোঃ রমজান আলী, প্রশিক্ষক-৩, (১১) জনাব মির্জা নুর ইসলাম, সহকারী পরিচালক, (১২) জনাব আবেদা সুলতানা, সহযোগী প্রশিক্ষক-১, (১৩) জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহযোগী প্রশিক্ষক-২ ও মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (অ.দা.), (১৪) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহযোগী প্রশিক্ষক-৩, (১৫) জনাব মোঃ নুরুল আমিন, সহকারী প্রোগ্রামার, (১৬) ডাঃ নাদিয়া আফরীন, মেডিকেল অফিসার, (১৭) জনাব ফারিয়া জাফরীন, লাইব্রেরীয়ান, (১৮) জনাব দীপায়ন চক্রবর্তী, গবেষণা কর্মকর্তা-১, (১৯) জনাব মোছাঃ লিপিয়া খাতুন, মূল্যায়ন কর্মকর্তা, (২০) জনাব মোঃ আবুল হোসেন, প্রশিক্ষণ কর্মকর্তা-১, (২১) জনাব মোঃ আল-আমিন, প্রশিক্ষণ কর্মকর্তা-২, (২২) জনাব তাহমিদুর রহমান, গবেষণা কর্মকর্তা-২ (২৩) জনাব উল্লাস চৌধুরী, গবেষণা কর্মকর্তা-৩ (২৪) জনাব মোঃ মতিউর রহমান মোল্লা, অডিও ভিজ্যুয়াল কর্মকর্তা, (২৫) জনাব মোঃ জিন্নারুল ইসলাম, ডকুমেন্টেশন কর্মকর্তা, (২৬) জনাব মোঃ রাজিউর রহমান, কেয়ার টেকার, (২৭) জনাব বেগম জাকিয়া বেগম, ডরমিটরি সুপারিনটেনডেন্ট, (২৮) জনাব এ.টি.এম মোতাহার হোসেন, নির্বাহী কর্মকর্তা, (২৯) জনাব মোঃ জাকির হোসেন, হিসাব রক্ষণ কর্মকর্তা, (৩০) জনাব মোছাঃ জান্নাতুল ফেরদৌসী, সহকারী লাইব্রেরিয়ান, (৩১) জনাব মোঃ সুলতান সালাউদ্দিন, ক্যাফেটারিয়া সুপার |


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় –

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | কার্যবিবরণী দৃঢ়ীকরণ | | গত ১৭ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার সম্পর্কিত ১ম ত্রৈমাসিক আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন ও প্রশিক্ষণ বর্ষপঞ্জি মুদ্রণ | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২-এ নির্ধারিত সর্বমোট ১৫০০ জন প্রশিক্ষিত কর্মকর্তার লক্ষ্যমাত্রার মধ্যে ২৭/১২/২০২১ তারিখ পর্যন্ত মোট ১১১৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) করোনা ভাইরাস জনিত বিধিনিষেধের কারণে একাডেমির কিছু নিয়মিত প্রশিক্ষণ কোর্স যথাসময়ে অনুষ্ঠিত হয়নি। উক্ত প্রশিক্ষণ কোর্সগুলোর তারিখ পুনঃনির্ধারণ করে প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২১-২২ হালনাগাদকরণ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২২-২৩ নির্দিষ্ট তারিখের মধ্যে মুদ্রণ বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) অনুষ্ঠিত হয়নি এমন প্রশিক্ষণ কোর্সসমূহের তারিখ পুনঃনির্ধারণ করে প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২১-২২ হালনাগাদ করতে হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২২-২৩ -এর মুদ্রণ নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৩ | গবেষণা কার্যক্রম বাস্তবায়ন ও বার্ষিক জার্নাল প্রকাশ | (ক) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের মাধ্যমে গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য প্রদত্ত অর্থের (দুই লক্ষ টাকা) যথাযথ ব্যবহার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) আন্তর্জাতিক পরিমণ্ডলে একাডেমির পরিচিতি আরো সম্প্রসারণের জন্য বার্ষিক জার্নাল-এর চলমান প্রকাশনার পাশাপাশি অনলাইন ভার্সন প্রকাশ করা যেতে পারে। এজন্য E-ISSN নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) যে উদ্দেশ্যে অর্থ পাওয়া গিয়েছে যেই কাজেই উক্ত অর্থ ব্যয় করতে হবে।<br><br>(খ) বার্ষিক জার্নাল-এর অনলাইন ভার্সন প্রকাশ করার জন্য গবেষণা শাখা উক্ত জার্নালের Final Soft Copy প্রশাসন শাখাকে প্রদান করবে এবং E-ISSN সংগ্রহ সহ অনলাইন ভার্সন প্রকাশের যাবতীয় কাজ প্রশাসন শাখা করবে। | (ক) পরিচালক (গ. ও প্র.)<br><br>(খ) পরিচালক (গ. ও প্র.) এবং পরিচালক (প্রশাঃ ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | অনলাইন বই ক্যাটালগিং | একাডেমিতে বিদ্যমান সর্বমোট ১৮,৪৫৭ টি বই-এর মধ্যে মোট ১৫,৪৭০ টি বইয়ের অনলাইন ক্যাটালগিং সম্পন্ন হয়েছে এবং বাকি ২,৯৮৭ টি বইয়ের অনলাইন ক্যাটালগিং অনিষ্পন্ন রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। অনলাইন বই ক্যাটালগিং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ক্রয়কৃত পুরাতন বইয়ের অনলাইন ক্যাটালগিং-এর কাজ মার্চ, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে। | **পরিচালক (গ. ও প্র.) ও লাইব্রেরিয়ান** |
| ০৫ | ক্যাফেটেরিয়ায় সুষ্ঠু খাবার ব্যবস্থাপনা | সুষ্ঠু খাবার ব্যবস্থাপনা, খাবারের গুণগতমান নিশ্চিতকরণ ও খাবারের মেন্যুতে নিয়মিত পরিবর্তন এবং তা তালিকা আকারে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি সুষ্ঠু খাবার ব্যবস্থাপনাসহ খাবারের গুণগতমান নিশ্চিত করবে এবং খাবারের মেন্যুতে নিয়মিত পরিবর্তন করে বৈচিত্র আনয়ন করবে। অভিযোগ রেজিস্টার চালু করতে হবে। | ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি ও **ক্যাফেটারিয়া সুপার** |
| ০৬ | এনএপিডি'র বোর্ড অব গভর্নরস-এর সভা আয়োজন | জনপ্রশাসন সচিব মহোদয়ের সাথে আলাপ সাপেক্ষে এনএপিডি'র বোর্ড অব গভর্নরস-এর সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয়-এর সচিব মহোদয়ের সাথে আলাপ সাপেক্ষে এনএপিডি'র বোর্ড অব গভর্নরস-এর সভা আয়োজন করতে হবে। | **পরিচালক (প্রশাঃ ও অর্থ)** |
| ০৭ | বিবিধ | (ক) একাডেমির সকল ক্ষেত্রে পরিকল্পনা মন্ত্রণালয়-এর পরিবর্তে অবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয় শব্দ ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) সকল কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে কোন কোন ক্ষেত্রে পরিবর্তন করতে হবে তার চাহিদা নিতে হবে এবং অবিলম্বে এই পরিবর্তন নিশ্চিত করতে হবে। | **পরিচালক (প্রশাঃ ও অর্থ)** |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ বদরুল আরেফীন
মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৯১

তারিখ: ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) কর্মকর্তা (সকল), এনএপিডি।



দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১